# এইসএস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র    বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট    সৃজনশীল প্রশ্ন    পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

**প্রশ্ন-১▶** মি. সরকার বড় প্রতিষ্ঠানের মানবসম্পদ ব্যবস্থাপক। ২০১৪ সালের জন্য জনশক্তি নিয়োগ ও উন্নয়নের একটা পরিকল্পনা তিনি গ্রহণ করেছেন। বিক্রয় বিভাগের মাঠ পর্যায়ে কিছু লোক নিয়োগের জন্য তিনি পত্রিকায় বিজ্ঞপ্তি দিয়েছেন। অনেক আবেদন পড়ায় তিনি চিন্তা করলেন কষ্ট হলেও একটা স্বল্পসময়ের লিখিত পরীক্ষা নেবেন। এতে যারা ভালো করবে তাদের সাক্ষাৎকার নিয়ে সেখান থেকে যোগ্য লোক বাছাই করা হবে।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. প্রশিক্ষণ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কর্মীসংস্থানের জন্য প্রথমে যা করা হয়েছে তা কর্মীসংস্থান প্রক্রিয়ার কোন কাজের অধীন? ব্যাখ্যা করো। ৩

ঘ. কর্মীসংস্থানের ক্ষেত্রে মি. সরকারের পরবর্তীতে গৃহীত কার্যক্রম সঠিক — তুমি কী এ বক্তব্য সমর্থন করো? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-২▶** জেনারেল ম্যানেজার মি. আশরাফ বিভাগী প্রধানদের নিয়ে মাঝে-মধ্যেই সভা করেন। প্রত্যেক বিভাগের সুবিধা-অসুবিধা শোনেন এবং করণীয় নির্দেশ করেন। তার বিক্রয় ব্যবস্থাপকের চিন্তা, এভাবে সভা না করে অধস্তনদের টার্গেট নির্ধারণ করে দিয়ে চাপ দিলে কাজ ভালো হবে। প্রথম দিকে তার চিন্তা কিছুটা কাজে আসলেও পরে বিক্রয় কমেছে।

ক. যোগাযোগ কী? ১

খ. তত্ত্বাবধানের মাধ্যমে নির্দেশনা বলতে কী বোঝায়? ২

গ. মি. আশরাফ প্রদত্ত নেতৃত্বের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. বিক্রয় ব্যবস্থাপককে ভালো করতে হলে নতুন নির্দেশনা পদ্ধতি গ্রহণ করতে হবে- তুমি কী এ বক্তব্য সমর্থন কর? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৩▶** মিস নুসাইবা তার কারখানায় সিদ্ধান্ত গ্রহণে সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের পরামর্শ গ্রহণ করেন। এতে কর্মীদের মধ্যে প্রশাসনের প্রতি ইতিবাচক ধারণা সৃষ্টি হয়। প্রতিষ্ঠানে উৎপাদন ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। অপরদিকে 'নিঝুম দ্বীপ লি.' নামক প্রতিষ্ঠানের কাজগুলো বিভিন্ন বিভাগে বিভক্ত। উচ্চ শিক্ষিত ও অভিজ্ঞ ব্যক্তিরা প্রতিটি বিভাগের দায়িত্বে আছেন। কিন্তু তারা অধস্তনদের থেকে কোনো পরামর্শ নেন না। এতে কর্মীদের মধ্যে অসন্তোষ দেখা দেয় এবং উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না।

ক. সংগঠন কী? ১

খ. সংগঠন চার্ট বলতে কী বোঝায়? ২

http://teachingbd.com

গ. 'নিঝুম দ্বীপ লি.'-এর সাংগঠনিক কাঠামোর ধরন ব্যাখ্যা করো। ৩

ঘ. নেতৃত্বের কোন ধরনটি অনুসরণের কারণে প্রথম প্রতিষ্ঠানটি সফলতা পাচ্ছে বলে তুমি মনে করো? যুক্তিসহ মতামত দাও। ৪

**প্রশ্ন-৪ ▶** রূপন একটি প্রতিষ্ঠানের ইলেকট্রিশিয়ান। প্রতিদিন ঝুঁকি নিয়ে তাকে প্রতিষ্ঠানে বিভিন্ন ধরনের কাজ করতে হয়। পরিবারের সদস্যরা তার কাজ নিয়ে সব সময় উদ্বিগ্ন থাকে। রূপন বিষয়টি প্রতিষ্ঠানের মানব সম্পদ ব্যবস্থাপকের সাথে আলাপ করলো। প্রতিষ্ঠান তার বিষয় চিন্তা করে সিদ্ধান্ত নিলো যে, এ বছর তার বেতন না বাড়িয়ে প্রতিষ্ঠানের খরচে একটি জীবন বিমাপত্র খুলে দিবে। এতে রূপণের কাজে আগ্রহ বেড়ে গেল।

ক. উদ্দীপক কী? ১

খ. অভাব থেকেই প্রেষণার সুযোগ সৃষ্টি হয় কীভাবে? ২

গ. রূপনকে কোন ধরনের প্রেষণা প্রদান করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. রূপনকে বিমা সুবিধা প্রদান 'মাসলোর প্রেষণা তত্ত্বের নিরাপত্তার চাহিদা পূরণ হয়েছে'— যুক্তি দাও। ৪

**প্রশ্ন-৫ ▶** জনাব মিনহাজ ইন্টিগ্রিটি ইস্পাত নামক রড তৈরি কারখানার মহাব্যবস্থাপক হিসেবে যোগ দিয়েছেন। তিনি বিভিন্ন কার্যক্রমের পাশাপাশি নিয়মিত বিজ্ঞাপন প্রদানের জন্য একটি টিভি চ্যানেল ও একটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকার সাথে চুক্তি করলেন। বছর না ঘুরতেই প্রতিষ্ঠানটির বিক্রয় ১০% বৃদ্ধি পেল। অর্জিত মুনাফা হতে ২% কর্মীদের প্রদানের জন্য জনাব মিনহাজ ঘোষণা দিলেন।

ক. ব্যবস্থাপনাকে শাস্ত্র হিসেবে প্রথমে কে প্রতিষ্ঠিত করেন? ১

খ. বিশ্লেষণমূলক দক্ষতা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের চুক্তি সম্পাদনকে আদর্শ ব্যবস্থাপকের কোন ধরনের ভূমিকা বলা যায়? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব মিনহাজের ঘোষণার মাধ্যমে ব্যবস্থাপকের যে গুণটি প্রকাশ পেয়েছে তার যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৬ ▶** জনাব জামাল ও জনাব মাসুদ গার্মেন্টিস পণ্য আমদানি ও রপ্তানির সাথে জড়িত। প্রতিষ্ঠানটি নিজস্ব কারখানার উৎপাদন ও বিপণন কর্মীদের সাথে ভিডিও ও অডিও কনফারেন্সের মাধ্যমে নির্দেশনা প্রেরণ করে। তবে প্রতিষ্ঠানটি বিদেশি ব্যবসায়ীদের সাথে প্রয়োজনে তারা তথ্য আদান-প্রদানের ক্ষেত্রে ফ্যাক্স ও ই-মেইল ব্যবহার করে।

ক. ফলাবর্তন কী? ১

খ. যোগাযোগ প্রক্রিয়া ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের প্রতিষ্ঠান কোন আক্ষরিক বা শাব্দিক যোগাযোগ পদ্ধতি ব্যবহারের মাধ্যমে নিজস্ব কর্মীদের সাথে তথ্য আদান প্রদান করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বিদেশি ব্যবসায়ীদের সাথে তথ্য আদান-প্রদানে ব্যবহৃত যোগাযোগ পদ্ধতির ধরন উল্লেখপূর্বক গুরুত্ব ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

**প্রশ্ন-৭ ▶** সুমন একটি প্রতিষ্ঠানে চাকরি করে। যেখানে কার্যত পরিকল্পনা নেয়া হয় না। দায়-দায়িত্ব বুঝিয়ে দেয়ার ও কাজ বুঝে নেয়ার কারও কোনো আগ্রহ নেই। নির্দিষ্ট সময় শেষে কাজ কী হলো, কেন হয়নি-এগুলো নিয়ে তেমন কেউ ভাবে না। তাই প্রতিষ্ঠানটি দিনদিন পিছিয়ে পড়ছে। অন্যদিকে সুমনের বন্ধু রফিক যেই প্রতিষ্ঠানে চাকরি করে সেখানে সব কাজ সঠিকভাবে পরিচালিত হয়। কর্তৃপক্ষ কর্মীদের উৎসাহ ধরে রাখতে বিশেষ যত্নশীল থাকেন। আর্থিক-অনার্থিক সুযোগ-সুবিধা কর্মীদের দেয়া হয়।

ক. পরিকল্পনা কী? ১

খ. ব্যবস্থাপনাকে একটি প্রক্রিয়া বলা হয় কেন? ২

গ. সুমনদের প্রতিষ্ঠানের মূল সমস্যাটা কীসের তা ব্যাখ্যা করো। ৩

ঘ. রফিকদের প্রতিষ্ঠানটির পরিচালনায় কর্তৃপক্ষ ব্যবস্থাপনার যে কাজটির প্রতি বিশেষ গুরুত্ব দিচ্ছে তার যথার্থতা বিশ্লেষণ করো। ৪

**প্রশ্ন-৮ ▶** মি. করিম একটি গার্মেন্টিস ইন্ডাস্ট্রিজের ব্যবস্থাপক। তিনি যুক্তরাষ্ট্র হতে দুই বছর মেয়াদি প্রশিক্ষণ শেষে কাজে যোগদান করেন। পূর্বের গৃহীত যুগোপযোগী পরিকল্পনা অনুযায়ী বিদ্যমান কর্মীদের মধ্যে তিনি দায়িত্ব ও কর্তব্য নির্ধারণ এবং বণ্টন করেন। অন্যদিকে তিনি আধুনিক, উপযুক্ত মিতব্যয়ী ও বাস্তবসম্মত নিয়ন্ত্রণ কৌশল গ্রহণ করেন এবং শ্রমিকদের মধ্যে ব্যাখ্যা করেন। কিন্তু শ্রমিকগণ বিষয়টি ভালোভাবে না নেয়ায় নিয়ন্ত্রণ ব্যাহত হয়। ফলে প্রতিষ্ঠানটি ক্ষতির সম্মুখীন হয়।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. মিতব্যয়িতা অর্জন বলতে কী বোঝ? ২

গ. মি. করিমের প্রথম কাজটি কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিয়ন্ত্রণ কাজটি সফল করতে মি. করিম কী পদক্ষেপ গ্রহণ করতে পারেন তা ব্যাখ্যা করো। ৪

**প্রশ্ন-৯ ▶** জনাব শাহীন একটি সফল জুতা উৎপাদনকারী প্রতিষ্ঠানের মহাব্যবস্থাপক। তিনি পণ্য উৎপাদন, বিক্রয় ও পরিচালনার কোনো কোনো ক্ষেত্রে একই ধরনের নীতি ও কৌশল অনুসরণ করে চলতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। অধস্তনদের পক্ষে এর সাথে সজ্গতি বিধান করে চলা সহজ হয়। কিন্তু পণ্যের বিভিন্ন ডিজাইন তৈরি, বাজারজাতকরণ প্রসার কর্মসূচি গ্রহণ ইত্যাদি বিষয়ে তিনি পরিকল্পনায় সতত পরিবর্তন সাধন করেন।

ক. লক্ষ্য কী? ১

খ. পরিকল্পনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের প্রথম ক্ষেত্রে তিনি প্রকৃতিভেদে কোন ধরনের পরিকল্পনার অনুসরণ করেন তা ব্যাখ্যা করা। ৩

ঘ. প্রতিযোগিদের মোকাবিলায় জনাব শাহীনের পরবতী ধরনের পরিকল্পনার যথার্থতা মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২ ৭ ৮

*বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।*

১. **চাহিদা সোপান তত্ত্বের সর্বশেষ ধাপ কোনটি?**
ক) জৈবিক চাহিদা খ) সামাজিক চাহিদা
গ) আত্মপ্রতিষ্ঠার চাহিদা ঘ) আত্মতৃপ্তির চাহিদা

২. **প্রেষণা দানের উদ্দেশ্য কোনটি?**
ক) কর্মীকে জাগ্রত করা
খ) কর্মীকে কাজ করতে বাধ্য করা
গ) কর্মীর কার্যদক্ষতা বৃদ্ধি করা
ঘ) কর্মীকে কাজে স্বেচ্ছাপ্রণোদিত করা

**উদ্দীপকটি পড়ো এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সরকার খুবই কষ্ট করে লেখাপড়া শেষে চাকরি পেয়েছেন। বেতন-ভাতা ভালো। অনেকদিন একই প্রতিষ্ঠানে চাকরি করছেন। প্রতিষ্ঠানের অফিসার্স সমিতির নির্বাচন। তাকে অনেকেই নির্বাচনে দাঁড়াতে বলেছেন। কিন্তু তিনি বলেছেন আরও অপেক্ষা করতে হবে।

৩. **মি. সরকারের চাহিদা মাসলোর চাহিদা সোপান তত্ত্বের কোন পর্যায়ে রয়েছে?**
ক) নিরাপত্তার চাহিদা খ) সামাজিক চাহিদা
গ) আত্মতৃপ্তির চাহিদা ঘ) আত্মপ্রতিষ্ঠার চাহিদা

৪. **মি. সরকার আরও অপেক্ষা করতে বলার কারণ —**
i. তিনি চাহিদার ঐ পর্যায়ে এখনও পৌছাননি
ii. তিনি সবার সাথে সম্পর্ক বাড়াতে চান
iii. নির্বাচন করার মতো টাকা-পয়সা তার নেই
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৫. **সম্ভাব্য কর্মীদের খুঁজে বের করা হয় কোন ধাপে?**
ক) কর্মী নিয়োগ খ) কর্মী নির্বাচন
গ) কর্মী সংগ্রহ ঘ) প্রাথমিক নির্বাচন

৬. **মানব সম্পদ ব্যবস্থাপনার প্রথম কাজ কী?**
ক) মানব সম্পদ পরিকল্পনা
খ) কর্মীসংগ্রহ
গ) কর্মী নির্বাচন ঘ) প্রশিক্ষণ ও উন্নয়ন

৭. **ইসলামী ইন্স্যুরেন্স লি. প্রতিষ্ঠানের কর্মকর্তাদের একটি একদিনের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করতে চায়। প্রতিষ্ঠানটির প্রশিক্ষণ পদ্ধতি হতে পারে —**
i. সেমিনার ii. শিক্ষানবিশ
iii. কোচিং
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৮. **আমাদের দেশে বিসিএস কর্মকর্তাদের প্রশিক্ষণে কোন ধরনের পদ্ধতি বেশি অনুসরণ করা হয়?**
ক) শিক্ষানবিশ পদ্ধতি খ) পদ পরিবর্তন
গ) পর্যবেক্ষণ পদ্ধতি ঘ) নাট্যাভিনয় পদ্ধতি

**উদ্দীপকটি পড়ে ৯ নং প্রশ্নের উত্তর দাও।**
আবু রায়হান শ্রমিক কর্মীদের সাথে পরামর্শ না করে নির্দেশনার বিষয়বস্তু ঠিক না করলেও কাজ আদায়ের ক্ষেত্রে সে স্নেহপূর্ণ ও আন্তরিক ব্যবহার করে থাকে।

৯. **আবু রায়হান কোন ধরনের নির্দেশনা অনুসরণ করেন?**
ক) তত্ত্বাবধান খ) যোগাযোগ
গ) স্বৈরাচারি ঘ) পিতৃসুলভ

১০. **কর্মীদের আচরণকে প্রতিষ্ঠানের লক্ষ্যাভিমুখে ধাবিত করাকে কী বলে?**
ক) নির্দেশনা খ) সমন্বয়সাধন
গ) নেতৃত্ব ঘ) নিয়ন্ত্রণ

১১. **পিতৃসুলভ নেতৃত্ব কোন নেতৃত্বের উন্নত ও ইতিবাচক সংস্করণ?**
ক) স্বৈরতান্ত্রিক খ) গণতান্ত্রিক
গ) কর্মকেন্দ্রিক ঘ) কর্মীকেন্দ্রিক

১২. **কর্মবিমুখ নেতৃত্বকে কী বলে?**
ক) স্বৈরাচারী নেতৃত্ব খ) পিতৃসুলভ নেতৃত্ব
গ) লাগামহীন নেতৃত্ব ঘ) কর্মীকেন্দ্রিক নেতৃত্ব

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব আবেদ সাহেব একটি প্রতিষ্ঠানের মালিক। প্রতিষ্ঠানের বিভিন্ন বিষয়ের সিদ্ধান্ত তিনি নিজেই গ্রহণ করেন। এক্ষেত্রে কোনো সমস্যা দেখা দিলে তিনি তা সমাধানের জন্য একাধিক সম্ভাব্য উপায় নির্দিষ্ট করেন। নির্ধারিত উপায়সমূহ হতে সর্বোত্তম উপায়টি তিনি গ্রহণ করেন।

১৩. **আবেদ সাহেবের সমস্যা সমাধানে একাধিক উপায় নির্ধারণকে কী বলা হয়?**
ক) তথ্য ও উপাত্ত সংগ্রহ খ) বিকল্প উদ্ভাবন
গ) বিকল্প মূল্যায়ন ঘ) সমস্যার সমাধান

১৪. **আবেদ সাহেব সর্বোত্তম উপায় নির্বাচনের জন্য বিবেচনা করেন —**
i. প্রতিষ্ঠানের সামর্থ্য ii. ঝুঁকির বিষয়সমূহ
iii. সংগঠনের প্রকৃতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৫. **চিন্তা-ভাবনার মাধ্যমে ভবিষ্যৎ কার্যাবলির অগ্রিম কর্মসূচি নির্ধারণ করে কোনটি?**
ক) পরিকল্পনা খ) সংগঠিতকরণ
গ) সমন্বয়সাধন ঘ) নিয়ন্ত্রণ

১৬. **সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার সর্বপ্রথম পদক্ষেপ কোনটি?**
ক) সমস্যা সংজ্ঞায়িতকরণ খ) আদর্শমান নির্ধারণ
গ) অগ্রাধিকার নির্ধারণ ঘ) সমস্যা চিহ্নিতকরণ

১৭. **মানচিত্র বা গ্রাফের মাধ্যমে যোগাযোগ ব্যবস্থা কী নামে পরিচিত?**
ক) বাহ্যিক যোগাযোগ খ) গণযোগাযোগ
গ) দৃশ্যমান যোগাযোগ ঘ) লিখিত যোগাযোগ

১৮. **প্রাপ্ত সংবাদের প্রত্যুত্তর প্রদানকে কী বলে?**
ক) সংবাদ খ) ফলাবর্তন
গ) অবহিতকরণ ঘ) ভাষণ

১৯. **অভ্যন্তরীণ যোগাযোগের বিভিন্ন মাধ্যম হলো —**
i. সমান্তরাল যোগাযোগ ii. গণযোগাযোগ
iii. নিম্নমুখী যোগাযোগ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i ,ii ও iii

২০. **দ্বিমুখী যোগাযোগে কখন যোগাযোগ প্রক্রিয়ার সমাপ্তি ঘটে?**
ক) মাধ্যম নির্বাচনের পর খ) সংবাদ প্রেরণের পর
গ) প্রত্যুত্তর লাভের পর ঘ) ডিকোডিং-এর পর

Teachingbd.com

http://teachingbd.com

২১. ব্যবস্থাপনার ক্ষেত্রে ব্যবস্থাপকীয় কার্যাবলি সম্পাদনের পথ নির্দেশিকা কোনটি?
ক নীতি　খ নির্দেশনা
গ সমন্বয়　ঘ নেতৃত্ব

২২. পার্থক্যমূলক ঠিকা মজুরি হার ব্যবস্থার প্রবর্তন করেন কে?
ক হেনরি ফেয়ল　খ এফ. ডব্লিউ. টেলর
গ রবার্ট ওয়েন　ঘ জেমস ওয়াট

২৩. কর্তৃত্ব বেশি কিন্তু দায়িত্ব কম হলে নির্বাহীর মাঝে কোন ধরনের সমস্যার সৃষ্টি হয়?
ক সঠিকভাবে কাজ করতে পারে না
খ কাজে উৎসাহ কম থাকে
গ স্বেচ্ছাচারী হওয়ার সম্ভাবনা থাকে
ঘ কর্মদক্ষতা হ্রাস পায়

২৪. আদেশদানের ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষা করা ব্যবস্থাপনার কোন মূলনীতির সমার্থক?
ক আদেশের ঐক্য　খ নির্দেশনার ঐক্য
গ জোড়া-মই-শিকল　ঘ কেন্দ্রীকরণ

**উদ্দীপকটি পড়ো এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব শাকিল একটা উৎপাদনধর্মী প্রতিষ্ঠানে সেলস্ সুপারভাইজার। তার অধীন বিক্রয়কর্মীরা ভ্যান গাড়িতে প্রতিষ্ঠানের মাল ভরে বিভিন্ন এলাকায় বিক্রয় করে। তিনি চেষ্টা করলেও বিক্রয়ে উন্নতি হচ্ছে না।

২৫. জনাব শাকিল ব্যবস্থাপনার কোন স্তরে কর্মরত রয়েছেন?
ক উচ্চ　খ মধ্য
গ নিম্ন　ঘ মধ্য-নিম্ন

২৬. বিক্রয় বৃদ্ধিতে জনাব শাকিল যে কৌশল নিতে পারেন তা হলো —
i. প্রত্যেক কর্মীর বিক্রয় টার্গেট নির্ধারণ করা
ii. সেরা বিক্রয়কর্মীকে পদোন্নতি দেয়া
iii. দুর্বল বিক্রয়কর্মীদের সহযোগিতা দেয়া
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৭. অন্যদের দ্বারা কাজ করিয়ে নেয়াকে কী বলা হয়?
ক নেতৃত্ব　খ নির্দেশনা
গ তত্ত্বাবধান　ঘ ব্যবস্থাপনা

২৮. ব্যবস্থাপনাকে একটি সামাজিক প্রক্রিয়া হিসেবে গণ্য করা হয় কেন?
ক সমাজ ব্যবস্থার উন্নতি সাধন করে বলে
খ সামাজিক সম্পদের কাম্য ব্যবহার নিশ্চিত করে বলে
গ সমাজ সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষকে নিয়ে কাজ করে বলে
ঘ সর্বজনীন গ্রহণযোগ্য প্রক্রিয়া বলে

২৯. 'লিয়াজোঁ কর্মকর্তা' অর্থ কী?
ক প্রধান কর্মকর্তা　খ যোগাযোগকারী
গ সমন্বয় কর্মকর্তা　ঘ বিদেশি কর্মকর্তা

৩০. সমন্বয় কর্মীদের মনোবল বৃদ্ধি করে কীভাবে?
ক সম্পদের সর্বোচ্চ ব্যবহার দ্বারা
খ মতবিরোধ দূর করে
গ উৎপাদনশীলতা বৃদ্ধি দ্বারা
ঘ ঐক্য সৃষ্টি দ্বারা

৩১. সমন্বয় একটি ধারাবাহিক প্রক্রিয়া। কারণ এটি —
i. সকল কর্মকেন্দ্র নিরবচ্ছিন্নভাবে কার্যকর রাখে
ii. বিভিন্ন বিভাগের মধ্যে যোগসূত্র স্থাপন করে
iii. সমন্বয়ের অভাবে অন্য সকল কাজ গতিহীন করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩২. কার্যকর সমন্বয় প্রতিষ্ঠার দায়িত্ব প্রতিষ্ঠানের কার ওপর ন্যস্ত থাকে?
ক প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তা
খ সাধারণ ব্যবস্থাপক
গ বিভাগীয় ব্যবস্থাপক
ঘ সকল পর্যায়ের ব্যবস্থাপক

৩৩. ব্যবস্থাপনা প্রক্রিয়ার সর্বশেষ ধাপ কোনটি?
ক প্রেষণা　খ নির্দেশনা
গ সমন্বয়　ঘ নিয়ন্ত্রণ

৩৪. কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থার অভাবে প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা দেখা দেয়। এর কারণ হলো —
i. ব্যক্তি ও বিভাগগুলোকে জবাবদিহি করানো যায় না
ii. ব্যবস্থাপনার অন্যান্য কাজের যথার্থতা মূল্যায়ন করা যায় না
iii. সমন্বিত কার্যক্রম পরিচালনা সম্ভব হয় না
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৫. সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণের পর কী করা হয়?
ক সর্বস্তরে সমস্যা চিহ্নিত করতে হয়
খ প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করতে হয়
গ দ্রুত ভুল-ত্রুটি সনাক্ত করা হয়
ঘ সকলের মতামত নেয়া হয়

৩৬. প্রতিটি কাজের সাথে দায়িত্বপ্রাপ্ত কর্মীর নাম থাকে কোন নিয়ন্ত্রণ কৌশলে?
ক পার্ট
খ ব্যবস্থাপনা তথ্য পদ্ধতি
গ গ্যান্ট চার্ট　ঘ প্রতিবেদন বিশ্লেষণ

**উদ্দীপকটি পড়ো এবং ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. চৌধুরী দেখছেন তার বিভাগীয় প্রধানগণ অতিমাত্রায় কর্তৃত্বশালী হয়ে পড়ছে এবং সহযোগীরা মারাত্মকভাবে উপেক্ষিত হচ্ছে। তাই তিনি প্রতিটা বিভাগের কাজকে ছোট ছোট ভাগে ভাগ করে বিশেষজ্ঞ ব্যক্তিদের ওপর এর দায়িত্ব ন্যস্ত করেছেন।

৩৭. পরবর্তীতে মি. চৌধুরী কোন ধরনের সংগঠন কাঠামো গড়ে তুলেছেন?
ক সরলরৈখিক
খ সরলরৈখিক ও পদস্থকর্মী
গ কার্যভিত্তিক　ঘ কমিটি

৩৮. এরূপ সংগঠন গড়ে তোলায় যে সকল সুবিধা হবে তা হলো —
i. কর্তৃত্ব নিয়ে দ্বন্দ্বের অবসান
ii. বিশেষজ্ঞদের উপেক্ষিত হওয়ার সম্ভাবনা হ্রাস
iii. বিশেষায়নের সুবিধা অর্জন
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৯. সংগঠন কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?
ক নির্দেশনার ধরন　খ কর্তৃত্ব শিকল
গ ক্ষমতার প্রকৃতি　ঘ প্রতিষ্ঠানের সামর্থ্য

৪০. ব্যবস্থাপনা সংগঠনের সবচেয়ে আধুনিক রূপ কোনটি?
ক সরলরৈখিক সংগঠন　খ কার্যভিত্তিক সংগঠন
গ কমিটি সংগঠন　ঘ মেট্রিক্স সংগঠন

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | গ | ৩ | খ | ৪ | খ | ৫ | গ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | খ | ১৪ | ক | ১৫ | ক | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | গ |
| ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | গ | ৩৮ | ঘ | ৩৯ | গ | ৪০ | ঘ |

http://teachingbd.com